গাংনীর আগ্নেয়াস্ত্রসহ কনক

মেহেরপুরের গাংনীর আছাদুজ্জামান কনক (২৯) কে আগ্নেয়াস্ত্রসহ গ্রেপ্তার করেছে র্যাব। শুক্রবার রাত সাড়ে ১০ টার দিকে গাংনী র্যাব ক্যাম্পের একটি টীম তাকে জোরপুকুরিয়া বাজার থেকে গ্রেপ্তার করে। এসময় তার কাছ থেকে জব্দ করা হয় একটি দেশীয় তৈরী ওয়ান শুটার গান। তাকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

আছাদুজ্জামান কনক গাংনীর বামন্দী পশ্চিম পাড়ার গোলাম কাউছারের ছেলে।
র্যাব-৬ গাংনী ক্যাম্প কমাণ্ডার এএসপি তারেক আমান বান্না জানান, আছাদুজ্জামান কনক চিহ্নিত মাদক পাচারকারী। তার বিরুদ্ধে মাদক পাচার ও অস্ত্র আইনসহ আটটি মামলা রয়েছে। স্থানীয় জোড়পুকুরিয়া বাজারে মাদক পাচার করা হচ্ছে মর্মে সংবাদ পেয়ে সেখানে অভিযান চালানো হয়। র্যাবের উপস্থিতি টের পেয়ে আছাদুজ্জামান কনক পালিয়ে যাবার চেষ্টা করলে র্যাব সদস্যরা তাকে ধরে ফেলে। এসময় তার দেহ তল্লাশী করে পাওয়া যায় একটি দেশীয় তৈরী ওয়ান শুটারগান। পরে তাকে গ্রেপ্তার দেখিয়ে গাংনী থানায় সোপর্দ করা হয়।

গাংনীতে নৌকার গলার কাঁটা বিদ্রোহীরা

গাংনীতে আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিদ্রোহী (স্বতন্ত্র) প্রার্থীরা এখন আওয়ামী লীগ দলীয় প্রার্থীদের গলার কাঁটা হয়ে দাঁড়িয়েছে। উপজেলার ৯ টি ইউনিয়নের সবকয়টিতে রয়েছে একধিক বিদ্রোহী প্রার্থী। নৌকা প্রতীকের প্রার্থীদের হারাতে প্রতিপক্ষ হয়েছেন অর্ধশতাধিক স্বতন্ত্র প্রার্থী। জনপ্রিয় সমাজ সেবক এবং সক্রিয় রাজনৈতিক নেতৃত্বকে বাদ দিয়ে অযোগ্য ব্যক্তিদের দলীয় মনোনয়ন দেয়ায় সবকয়টি ইউনিয়নের তৃণমূল পর্যায়ের কর্মী সমর্থকদের মাঝে তীব্র ক্ষোভ ও অসন্তোষ দেখা দিয়েছে। এমতাবস্থায় ক্ষোভের বহিঃপ্রকাশ হিসাবে নির্বাচনী প্রচার প্রচারণায়

সভাপতি শ্রী প্রবির অধিকারী- সাধারণ সম্পাদক তুফান আলী

মেহেরপুর পৌর আওয়ামী লীগের ৮ নং ওয়ার্ড শাখার ত্রি বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার রাতে শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় ত্রি বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ওয়ার্ড আওয়ামী লীগের সহ-সভাপতি তৌহিদুল ইসলাম।

অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন পৌর আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম। সম্মেলনে প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক জেলা প্রশাসক এ্যাড মিয়াজান আলী।

বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান, জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, সাবেক জেলা যুবলীগের সভাপতি সাজ্জাদুর আনাম সাজেদুল, সাধারণ সম্পাদক সাজ্জাদুর আলম, বর্তমান যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি দুলাল হোসেন, শোভন সরকার, সদর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ প্রমুখ।

জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি বকুলের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পৌরসভার সকল ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি, সাধারণ সম্পাদক, শহর যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক শহিদুজ্জামান সুইটসহ আওয়ামী লীগের বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা।

অনুষ্ঠান শেষে দ্বিতীয় অধিবেশনে ৮ নং ওয়ার্ডের সভাপতি শ্রী প্রবির অধিকারী এবং তুফান আলীকে সাধারণ সম্পাদক করে কমিটি গঠন করা হয়েছে। পরবর্তীতে ৭১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হবে।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৪৩৩ তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৪৩৩ তম পদধ্বনি অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে শহীদ আলাউল হলে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি মেনে সাপ্তাহিক সাহিত্য আসর ‘পদধ্বনি’ অনুষ্ঠিত হয়।

১৪৩৩তম এই আসরে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলালের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ ।

সাহিত্য আসরে উপস্থিত থেকে শুভে”ছা বক্তব্য দেন বৃহত্তর কুষ্টিয়া লেখক পাঠক ফোরামের সভাপতি সিরাজুল ইসলাম,মুখপাত্র বীরমুক্তিযোদ্ধা আবুল কাশেম,কন্ঠশিল্পী ফৌজিয়া আফরোজ তুলি,সুমনা রহমান,আবু আফজাল সালেহ,এ্যাড. বজলুর রহমান। স্বরচিত লেখা পাঠ করেন গোলাম কবির মুকুল, সুমন ইকবাল,মোঃ আলাউদ্দীন, ইয়াসিন রেজা,বীরমুক্তিযোদ্ধা আবুল কাশেম,সিরাজুল ইসলাম,জুলফিকার আলী কানন,আবদুল্লাহ আল আমিন নিরব, সুমন মালিক,আব্দুল ওয়াদুদ,আজিজুল হক রানু, কাউসার লাল, ফৌজিয়া আফরোজ তুলি, কবি নজমুল হেলাল। চিরায়ত সাহিত্য থেকে কবিতা আবৃত্তি করেন এ্যাড. বজলুর রহমান,নজির আহমেদ ও আব্দুল কাশেম অনুরাগী । সংগীত পরিবেশন করেন চুয়াডাঙ্গা জেলার এন এস আই এর উপপরিচালক জি এম জামিল সিদ্দিক,ওস্তাদ আব্দুস সালাম তারা,ফৌজিয়া আফরোজ তুলি,সুমনা রহমান, সিরাজুল ইসলাম, বিধানচন্দ্র বিশ্বাস,জুলফিকার আলী কানন,আজিজুল হক রানু।তবলায় সঙ্গত করেন ওস্তাদ সিরাজুল ইসলাম ও বিধানচন্দ্র বিশ্বাস ।

অনুষ্ঠানটি সার্বিকভাবে সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ ও দপ্তর সম্পাদক সুমন ইকবাল। এছাড়াও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রিচার্ড রহমান,আতিয়র রহমান,আনছার আলী,হাবিবি জহির রায়হান, আবু সাদাদ,হাসেম আলী, নটরাজ হারুন-অর রশিদ,গিয়াস উদ্দীন টিটোন,হামিজ উদ্দীন,আহমেদ আলী, মাসুদুর রহমান, জহুরুল ইসলাম, আহমেদ বেলাল, টিউটন, সামদানী, সোহেল রানা ও মাসুদ রানা।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল তাঁর সমাপনী বক্তব্যে মেহেরপুর জেলা থেকে আগত কবি, লেখক-কন্ঠশিল্পীবৃন্দসহ উপস্থিত সকলকে অভিনন্দন জানান এবং সাহিত্য সাংস্কৃতিক আন্দোলনে সবাই সবার পাশে থাকবো এবং চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ প্রগতিশীল সাহিত্য আন্দোলনে সব সময় ইতিবাচক ভুমিকা রাখবে ।

মুজিবনগরে এসএসসি ৯৩ ব্যাচের পূর্নমিলনী

মুজিবনগরে এসএসসি ১৯৯৩ ব্যাচের বন্ধু পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সকাল থেকে সন্ধা প্রযন্ত মুজিবনগর কমপ্লেক্স এর ভিতর দিনব্যাপী নানা আয়োজনে মুখরিত ছিল অনুষ্ঠানটি।

জাতীয় সংগীতের মধ্য দিয়ে অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা শুরু হয়। পরে নাচ, গান ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। স্কুল-কলেজ জীবনের হারিয়ে যাওয়া বাঁধভাঙা বন্ধুত্বের এক একটা পরিচ্ছেদকে আরেকবার ঝালিয়ে নেওয়ার সুযোগ মেলে এই আয়োজনে।

আয়োজকরা জানান, শুধু আনন্দ উল্লাসে সীমাবদ্ধ থাকে না ব্যাচের প্রাক্তন শিক্ষার্থীরা। দুস্থ মানুষের সহায়তায় ছুটে যায় দেশের বিভিন্ন প্রান্তে।
এর আগে আমরা ৯৩ ব্যাচের আহব্বায়ক তোফায়েল হাসান রুপোকের নেতৃত্বে একটি বর্নাঢ্য র্যালীর মধ্যে দিয়ে দিনের শুভ সূচনা করা হয়।

শৈলকুপায় সাবেক উপজেলা চেয়ারম্যান শিকদার মোশাররফ হোসেন মৃত্যু বার্ষিকী পালন

ঝিনাইদহের শৈলকুপায় সাবেক উপজেলা চেয়ারম্যান শিকদার মোশাররফ হোসেন সোনা র ১ম মৃত্যুবার্ষিকী পালিত হয়েছে। গতবছর ৪ নভেম্বর শৈলকুপা উপজেলার আওয়ামী লীগের কান্ডারী বীর মুক্তিযোদ্ধা দুই বারের নির্বাচিত উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি, বীরমুক্তিযোদ্ধা শিকদার মোশাররফ হোসেন সোনা মৃত্যু বরণ করেন।

শুক্রবার জুম্মার নামাজ বাদ শৈলকুপা উপজেলা পরিষদ চত্বরে তার ১ম মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিলের আয়োজন করা হয়। দোয়া মাহফিল অনুষ্ঠান হাজার হাজার নেতা- কর্মীদের উপস্থিতিতে এক জনসমাবেশে পরিণত হয়।

এসময় উপস্থিত ছিলেন শৈলকুপা ১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, উপজেলা চেয়ারম্যান মোছাঃ শেফালী বেগম, উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বৃন্দ ছাড়াও আওয়ামীলীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবকলীগ, যুবলীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দ সহ হাজার হাজার কর্মী সমর্থক ও বিভিন্ন শ্রেণীপেশার মানুষ। সবশেষে মৃতের রুহের মাগফিরাত কামনা করে দোয়ার মাধ্যমে উক্ত অনুষ্ঠান সম্পন্ন করা হয়।

ঝিনাইদহে সব রুটে যান চলাচল বন্ধ ঘোষণা

জ্বালানী তেলের দাম বৃদ্ধির প্রতিবাদে শুক্রবার সকাল থেকে ঝিনাইদহের সব রুটে যান চলাচল বন্ধ ঘোষণা করেছে জেলা বাস-মিনিবাস শ্রমিক ইউনিয়ন।

বৃহস্পতিবার (৪ নভেম্বর) দুপুরে জেলা বাস-মিনিবাস শ্রমিক ইউনিয়নের সভাপতি ওলিয়ার রহমান এ তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, একবারে তেলের দাম ১৫ টাকা বৃদ্ধি দেশের ইতিহাসে কখনো হয়নি। ব্যবসায়ী সিন্ডিকেটের কারণে এটা হয়েছে। তেলের মূল্যবৃদ্ধির প্রতিবাদে শুক্রবার থেকে কেন্দ্রীয় সিদ্ধান্ত মোতাবেক অনির্দিষ্টকালের ধর্মঘট চলবে।

এদিকে জ্বালানী তেলেরে দাম বৃদ্ধির ফলে বাস, থ্রি-হুইলারসহ যাত্রীবাহী যানবাহনের ভাড়া ৫-১৫ টাকা বাড়ানো হয়েছে। এ নিয়ে যাত্রীদের মাঝে ক্ষোভ ও অসন্তোষ বিরাজ করছে।

এর আগে বুধবার রাতে ডিজেল ও কেরোসিনের মূল্য লিটার প্রতি ১৫ টাকা বাড়িয়ে ৮০ টাকায় নির্ধারণ করে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

কর্মী সভার নামে এমপি’র আচরণবিধি লঙ্ঘন

গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামীলীগের কর্মীসভার নামে নির্বাচনী সভায় আচরণ বিধি লঙ্ঘন করে স্থানীয় জাতীয় সংসদ সদস্য (এমপি) মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন নির্বাচনী বক্তব্য দিয়েছেন।
গতকাল বৃহস্পতিবার বিকেলে গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে তেঁতুলবাড়ীয়া পলাশীপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় চত্ত্বরে ইউনিয়ন আওয়ামীলীগ আয়োজিত কর্মী সভায় তিনি প্রধান অতিথির বক্তব্য রাখেন।
তেঁতুলবাড়ীয়া ইউপিতে আওয়ামীলীগের মনোনীত নৌকার প্রার্থী আব্দুল্লাহ আল মামুন কে বিজয়ী করার লক্ষ্যে জেলা ও উপজেলা আওয়ামীলীগের শীর্ষ নেতাদের উপস্থিতিতে এমপি আচরণ বিধি লঙ্ঘন করে বক্তব্য দিয়েছেন।
তিনি বলেন, মারামারি ফ্যাসাদ দাঙ্গা হাঙ্গামা লাঠিবাজি কিংবা অন্য প্রার্থীর অফিসে ঢিল ছোড়ার দরকার নেই। আমরা জনগনের ভোট

নিয়েই বিজয়ী হবো। বিদ্রোহী প্রার্থী নাজমুল হুদা বিশ্বাসকে দলীয় সিদ্ধান্ত মোতাবেক বহিস্কার করা হতে পারে। এজন্য আমরা জনগনের ভোট নিয়েই বিজয়ী হতে চাই। এজন্য ঘরে ঘরে ভোট প্রার্থনা করতে হবে।
তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী নাজমুল হুদা বিশ্বাস জানান, আমি নির্বাচন কমিশনারের দেয়া নির্বাচনী আচরণ বিধি মোতাবেক জানতে পেরেছি যে, স্থানীয় সরকার নির্বাচনে জনপ্রতিনিধি বা এমপিগণ নির্বাচনী প্রচারণায় অংশ নিতে পারবে না। অথচ গাংনীতে এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন নির্বাচনী আচরন বিধি লঙ্ঘন করে নির্বাচনী সভায় ব্ক্তব্য রাখছেন। তিনি আরও জানান, অভিযোগ আকারে তাৎক্ষনিক মেহেরপুর জেলা প্রশাসক বরাবর লিখিত অভিযোগ দেয়া হলেও কোন আইনগত ব্যবস্থা নেয়া হয়নি।
তিনি মনে করেন, জেলা প্রশাসক মহোদয় মেহেরপুরে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ ভোট করতে চাইলেও পারবেন কিনা সন্দেহ দেখা দিয়েছে। ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মহাম্মদ আলীর সভাপতিত্বে এসময় জেলা আওয়ামীলীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক,গাংনী উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, মনিরুজ্জামান ,সাধারন সম্পাদক আনারুল ইসলাম বাবু, জেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক মুনতাছির জামান মৃদুলসহ আওয়ামীলীগ ও এর অঙ্গ সংগঠনের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন। সবশেষে নৌকায় ভোট প্রার্থনা করে সংক্ষিপ্ত বক্তব্য দেন চেয়ারম্যান প্রার্থী আব্দুল্লাহ আল মামুন। এ ব্যাপারে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা মৌসুমি খানমকে ফোন করা হলে তিনি রিসিভ করেননি। তবে এর আগে একই ধরণের আচরণ বিধি লঙ্ঘনের কথা জানালে তিনি বিষয়টি দেখবেন বলে জানিয়েছিলেন। তারপরও আচরণবিধি লঙ্ঘন চলছেই।

গাংনীতে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করে প্রচার-প্রচারণার

দায়ে জরিমানা

মেহেরপুরের গাংনীতে নির্বাচন আচরণ বিধি লঙ্ঘন করে প্রচার-প্রচারণার দায়ে জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত। বৃহস্পতিবার সন্ধ্যার পর উপজেলার দুইটি ইউনিয়নের বেশ কয়েকটি প্রচার-প্রচারণার অস্থায়ী অফিস ও এলাকায় অভিযান চালিয়ে এ জরিমানা আদায় করা হয়। ইউনিয়ন গুলো হল-মটমুড়া ও তেঁতুলবাড়িয়া ইউনিয়ন।

ইউনিয়ন দুটিতে নির্বাচনী আচরণবিধি লংঘন করে মোটরসাইকেল শোভাযাত্রা ও প্রচার- প্রচারণার দায়ে ৬টি স্পট থেকে মোট ৭ হাজার ৫শ’ টাকা জরিমানা আদায় করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মৌসুমী খানম।

এ সময় ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়ের নাজির আবু হানজালা ও আনসার বাহিনীর সদস্যরা সহযোগিতা করেন।

মানুষ বিশ্বাস করে শেখ হাসিনার সরকার ক্ষমতায় থাকলে দেশের উন্নয়ন হয়

বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি মন্ডলীর সদস্য কাজী জাফর উল্লাহ বলেছেন, মানুষ বিশ্বাস করে শেখ হাসিনার সরকার আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে দেশের উন্নয়ন হয়। আমাদের সবাইকে তাদের কৃত কর্মের মধ্য দিয়ে মানুষের সেই বিশ্বাস ধরে রাখতে হবে। মানুষের সাথে ভালো আচরণ করতে হবে। আমাদের অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দসহ সকলের কাছে অনুরোধ থাকবে তারা যাতে মানুষের সাথে ভালো আচরণ করে। আপনারা আজকে যে এই জায়গায় এসেছেন। তা অনেক ত্যাগ-তিতিক্ষার মধ্য দিয়ে এসেছেন। আপনাদের এই ত্যাগের কারণেই আওয়ামী লীগ বারবার ক্ষমতায় এসেছে। তিনি আরও বলেন, ‘আমাদের সবাইকে ঐক্যবদ্ধ থেকে কাজ